# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬০৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি দুনিয়াতে মসজিদ নির্মাণ করবে চাই সেটা ছোট হোক অথবা বড় হোক, তবে মহান আল্লাহ জান্নাতে তার জন্য অনুরূপ একটি প্রাসাদ তৈরি করবেন

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا إِنَّمَا يَبْنِي الْبَيْتَ فِي الْجَنَّةِ لِبَانِي الْمَسْجِدِ فِي الدُّنْيَا عَلَى قَدْرِ صِغَرِهِ وَكِبَرِهِ

আরবী

1607 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ الْمَقْدِسِيُّ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ بُكَيْرًا حَدَّثَهُ أَنَّ عَاصِمَ بْنَ عُمَرَ بْنِ قَتَادَةَ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ عُبَيْدَ اللَّهِ الْخَوْلَانِيَّ أَنَّهُ سَمِعَ عُثْمَانَ بْنَ عَفَّانَ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ بَنَى مَسْجِدًا بَنَى اللَّهُ لَهُ مِثْلَهُ فِي الْجَنَّةِ)

قَالَ بُكَيْرٌ: حَسِبْتُ أَنَّهُ قَالَ: (يَبْتَغِي به وجه الله جل وعلا)

الراوي : عُثْمَان بْن عَفَّانَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1607 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض)) ـ

বাংলা

১৬০৭. উসমান বিন আফফান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর জন্য একটি মসজিদ নির্মাণ করবে, মহান আল্লাহও তার জন্য জান্নাতে অনুরূপ একটি প্রাসাদ তৈরি করবেন।”[1]

বুকাইর বলেছেন, “আমার ধারণা তিনি বলেন, “এর দ্বারা সে মহান আল্লাহর সন্তুষ্টি কামনা করবে।”

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৫০; সহীহ মুসলিম: ৫৩৩; আবূ আওয়ানা: ১/৩৯১; সুনান বাইহাকী: ২/৪৩৭; মুসনাদ

আহমাদ: ১/৭০; দারেমী: ১/৩২৩; বাগাবী: ৪৬১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১০; তিরমিযী: ৩১৮;ইবনু মাজাহ: ৭৩৬ ; তাহাবী, মুশকিলুল আসার: ১/৪৮৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১২৯২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91201

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন